

দেখ, শরীর নিয়ে বাহ্যভ্যন্তর শুদ্ধি হচ্ছে—পবিত্রতা। মাটি জল প্রভৃতির দ্বারা শরীর শুদ্ধ হয়—উত্তম। দুনিয়ায় এমন জাত কোথাও নেই যাদের শরীর আমাদের মতো সাফ।...তবু পাশ্চাত্যদের—চিনেরা কাগজ ব্যবহার করতে শিখিয়েছে, কিছু বাঁচোয়া। স্নানও নেই বললেই হয়। এখন ইংরেজরা ভারতে এসে স্নান ঢুকিয়েছে দেশে। তবুও যে-সব ছেলেরা বিলেতে পড়ে এসেছে তাদের জিজ্ঞাসা কর, স্নানের কি কষ্ট! যারা স্নান করে—সে সপ্তায় এক দিন—সেদিন ভেতরের কাপড় আন্ডারওয়ার বদলায়। অবশ্য এখন পয়সাওয়ালাদের ভেতর অনেকে নিত্যস্নায়ী। আমেরিকানরা একটু বেশি! জার্মান—কালেভদ্রে; ফরাসি প্রভৃতি কালেও না!!! স্পেন, ইতালি অতি গরম দেশ, সে আরও নয়—রাশীকৃত রসুন খাওয়া, দিনরাত ঘর্মাক্ত, আর সাত জনে জলস্পর্শও না! সে গায়ের গন্ধে ভুতের চৌদ্দপুরুষ পালায়—ভূত তো ছেলেমানুষ! ‘স্নান’ মানে মাথাটি ধোয়া, হাত ধোয়া—যা বাহিরে দেখা যায়। আবার কি! প্যারিস, সভ্যতার রাজধানী প্যারিস, রঙ-চঙ ভোগ-বিলাসের ভূস্বর্গ প্যারিস, বিদ্যা-শিল্পের কেন্দ্র প্যারিস, সেই প্যারিসে এক বৎসর এক বড়ো ধনী বন্ধু নিমন্ত্রণ করে আনলেন। এক প্রাসাদোপম মস্ত হোটেলে নিয়ে তুললেন—রাজভোগ খাওয়া-দাওয়া, কিন্তু স্নানের নামটি নেই। দুদিন ঠায় সহ্য করে—শেষে আর পারা গেল না। শেষে বন্ধুকে বলতে হল—দাদা, তোমার এ রাজভোগ তোমারই থাকুক, আমার এখন ‘ছেড়ে দে মা, কেঁদে বাঁচি’ হয়েছে। এই দারুণ গরমকাল, তাতে স্নান করবার জো নেই, হন্যে কুকুর হবার জোগাড় হয়েছে। তখন বন্ধু দুঃখিত হয়ে চটে বললেন যে, এমন হোটেলে থাকা হবে না, চল ভাল জায়গা খুঁজে নিইগে। বারোটা প্রধান প্রধান হোটেলে খোঁজা হল, স্নানের স্থান কোথাও নেই। আলাদা স্নানাগার সব আছে, সেখানে গিয়ে ৪/৫ টাকা দিয়ে একবার স্নান হবে। হরিবোল হরি! সে দিন বিকালে কাগজে পড়া গেল—এক বুড়ি স্নান করতে টবের মধ্যে বসেছিল, সেইখানেই মারা পড়েছে!! কাজেই জন্মের মধ্যে একবার বুড়ির চামড়ার সঙ্গে জলস্পর্শ হতেই কুপোকাত!! এর একটি কথা অতিরঞ্জিত নয়। আমেরিকার অবশ্য প্রত্যেক বাসাবাড়িতে একটা করে স্নানের ঘর ও জলের পাইপের বন্দোবস্ত আছে।

সঠিক উত্তর চিহ্নিত কর

- ১) শরীর শুদ্ধ হয় ব্যায়ামে/স্নানে/মাটি জল প্রভৃতির মাধ্যমে/এর সব কটিতে
- ২) সবচেয়ে পরিষ্কার আমেরিকানরা/ফরাসীরা/ইতালীয়ানরা/ভারতীয়রা/এদের কেউ নয়।
- ৩)রাশীকৃত রসুন খায় ভারতীয়রা/প্যারিসের লোকেরা/স্পেন ইতালির লোকেরা/চীনারা।
- ৪)চামড়ার সাথে জলের সংস্পর্শ হতেই কুপোকাত হয় এক যুবক/এক বুড়ো/এক বালক/এদের কেউ নয়।
- ৫) একটা করে স্নানঘর ও জলের পাইপের বন্দোবস্ত আছে স্পেনে/ আমেরিকায়/চীনে/ প্যারিসে।
- ৬)কালে ভদ্রে স্নান করে ফরাসী/ভারতীয়/জার্মান/এদের কেউ নয়।
- ৭) কাগজের ব্যবহার শিখিয়েছে আমেরিকানরা/চীনারা/প্যারিসের লোকেরা/উপরের সবগুলো।
- ৮)বাহ্যভ্যন্তর শুদ্ধি হচ্ছে স্নিক্ততা/শুদ্ধতা/পবিত্রতা/পরিচ্ছন্নতা।
- ৯)বন্ধু চটে গেলো খেতে না পেয়ে/শুতে না পেয়ে/স্নান করতে না পেরে/এর কোনটাই নয়।
- ১০)অতিরঞ্জিত মানে কম করে বলা/সুন্দর করে বলা/কঠিন করে বলা/বাড়িয়ে বলা।